

💵 বুলুগুল মারাম

হাদিস নাম্বারঃ ৫০৪

পর্ব - ২ঃ সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ১৫. চন্দ্র ও সূর্যগ্রহণের সালাত - চন্দ্র ও সূর্যগ্রহণের সালাতের জন্য আযান ও তাতে উচ্চৈঃস্বরে কিরাত পাঠ করা শরীয়তসম্মত

আরবী

وَعَنْ عَائِشَةَ رَضِيَ اللَّهُ عَنْهَا: أَنَّ النَّبِيَّ _ صلى الله عليه وسلم _ جَهَرَ فِي صَلَاةِ الْكُسُوفِ (1) بِقِرَاءَتِه, فَصَلَّى أَرْبَعَ رَكَعَاتٍ فِي رَكْعَتَيْنِ, وَأَرْبَعَ سَجَدَاتٍ. مُتَّفَقٌ عَلَيْه, وَهَذَا لَفْظُ مُسْلِمٍ وَهَذَا لَفْظُ مُسْلِمٍ وَفِي رِوَايَةٍ لَهُ: فَبَعَثَ مُنَادِيًا يُنَادِي: الصَّلَاةُ جَامِعَةٌ

في البخاري ومسلم: الخسوف صحيح. رواه البخاري (1065)، ومسلم (901) (5)

বাংলা

৫০৪. 'আয়িশা (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সূর্যগ্রহণের সালাতে[1] তাঁর কিরাআত সশব্দে পাঠ করেন এবং চার রুকৃ' ও চার সিজদাসহ দু' রাক'আত সালাত আদায় করেন। এটা মুসলিমের শব্দ বিন্যাস।

মুসলিমেরই অন্য বর্ণনায় আছে: নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এ সালাতের জামা'আতের ঘোষণার জন্য ঘোষণাকারী পাঠাতেন : (এই বলার জন্য) 'আসসালাতু জামি'আহ' (অর্থঃ) জামা'আতের সাথে সালাত আদায়ের জন্য (হাজির হও)।[2]

ফুটনোট



- [1] বুখারী এবং মুসলিমে الخسوف শব্দটির উল্লেখ রয়েছে।
- [2] বুখারী ১০৬৫, ১০৬৬, ১০৪৪, ১০৪৬, ১০৪৭, মুসলিম ৯০১

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবূ বাকর সিদ্দীক (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন